**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# পূর্ব বাফেলোতে ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য 3 মিলিয়ন ডলারের অনুদান লভ্য হওয়া সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

## *2022 সালের মে মাসে বর্ণবাদ থেকে অনুপ্রাণিত গণহত্যার ঘটনা হয়ে যাওয়ার পরে পূর্ব বাফেলোর নির্ধারিত এলাকার ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য 3 ফেব্রুয়ারি থেকে 5,000 ডলার থেকে 50,000 ডলার পর্যন্ত অনুদান লভ্য হবে*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 3 ফেব্রুয়ারি থেকে 17 ফেব্রুয়ারি পর্যন্ত পূর্ব বাফেলোর ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কার্যপরিচালনার জন্য মূলধনী অনুদান কর্মসূচির (East Buffalo Small Business Working Capital Grant Program) জন্য আবেদনের সুযোগ লভ্য থাকবে। 3 মিলিয়ন ডলারের এই কর্মসূচি প্রধানত সংখ্যালঘু-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে গত বছরের শুরুতে জেফারসন এভিনিউতে টপস ফ্রেন্ডলি মার্কেটে ঘটে যাওয়া গণহারে গোলাগুলির ঘটনার সামাজিক ও অর্থনৈতিক প্রভাব কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য পূর্ব বাফেলোর একটি নির্ধারিত এলাকার উপযুক্ত ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে 5,000 ডলার থেকে 50,000 ডলার পর্যন্ত অনুদান প্রদান করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) পক্ষে লোকাল ইনিশিয়েটিভ সাপোর্ট কর্পোরেশন - নিউ ইয়র্ক (Local Initiatives Support Corporation - New York) এই কর্মসূচি পরিচালনা করবে। উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলো এখানে প্রি-অ্যাপ্লিকেশন জমা দিতে পারবে। এই কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য, যেমন উপযুক্ততা ও বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর জন্য, এখানে ক্লিক করুন।

"পূর্ব বাফেলোর ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কার্যপরিচালনার জন্য মূলধনী অনুদান কর্মসূচি এই কমিউনিটির উন্নতির জন্য স্টেটের দীর্ঘ-মেয়াদী অঙ্গীকারাবদ্ধতার সর্বসাম্প্রতিক পদক্ষেপ," **বলেছেন গভর্নর হোকল।** "ওয়েস্টার্ন নিউ ইয়র্কে জন্ম নেওয়া ও বেড়ে উঠা মানুষদের একজন হিসেবে, এই কমিউনিটির মধ্যে যে শক্তি, সহনশীলতা, ও প্রবল আগ্রহ বিদ্যমান রয়েছে তা আমি সরাসরি প্রত্যক্ষ করেছি। পূর্ব বাফেলোর প্রধানত সংখ্যালঘু মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে অধিবাসীদের সেবা প্রদান করা অব্যাহত রাখতে সাহায্য করা এবং এই অঞ্চলের অর্থনীতির জন্য সামনে এগিয়ে যাওয়ার একটি নতুন পথ গড়ে তোলার জন্য, এখন আমরা এই ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কার্যপরিচালনার জন্য মূলধনী অনুদান কর্মসূচির মতো কর্মসূচিগুলোর মাধ্যমে কয়েক দশক ধরে চলে আসা বিনিয়োগের অভাব ও অবহেলাকে মোকাবেলা করছি।"

**LISC NY-এর সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর, ভ্যালেরি হোয়াইট বলেন,** "LISC NY-এর সব উদ্যোগের মূল ভিত্তি নিহিত রয়েছে নিউ ইয়র্কবাসীদের যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে সেসব কমিউনিটি কর্মসূচিগুলোতে সচেতন ও কার্যকর বিনিয়োগ করার মধ্যে। সম্প্রতি পূর্ব বাফেলো অভ্যন্তরীণ সন্ত্রাসের ঘটনা এবং গুরুতর, অবিরাম জলবায়ু সংক্রান্ত জরুরি পরিস্থিতির দ্বারা অনন্য ক্ষতির সম্মুখীন হয়ে আসছে। পূর্ব বাফেলো, NY-এর জনসাধারণ ও স্থানীয় অর্থনীতির জন্য এই উল্লেখযোগ্য বিনিয়োগ ইতোমধ্যে কমিউনিটির মধ্যে কেন্দ্রীভূত প্রভাব ফেলতে থাকা স্থানীয় ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সরাসরি উপকৃত করবে। স্টেটের বিভিন্ন অঞ্চলের এবং পূর্ব বাফেলোর বাণিজ্যিক করিডরগুলোর মধ্যকার বিভিন্ন ধরনের অনন্য ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর প্রয়োজন অনুধাবন করায় আমরা গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। পূর্ব বাফেলোর মানুষদের জন্য এই অত্যন্ত গুরুত্বপূর্ণ অনুদান কর্মসূচি পরিচালনা করার জন্য আমরা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে একসঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি, যা এই সুদৃঢ় কমিউনিটির মেরুদণ্ডকে শক্তিশালী করবে এবং আগামী প্রজন্মগুলোর জন্য এই প্রসিদ্ধ অঞ্চলকে শক্তিশালী ও উন্নত করে তুলবে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন,** "গত মে মাসের ভয়ঙ্কর ঘটনাগুলো পূর্ব বাফেলো কমিউনিটির পরিচয়কে সংজ্ঞায়িত করে না, এবং এটি এই কমিউনিটির শক্তি ও স্পৃহাকেও দমাতে পারবে না। উপযুক্ত ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে কার্যপরিচালনার ব্যয় বহনে সাহায্য করতে টার্গেটকৃত কাজের জন্য 3 মিলিয়ন ডলারের মূলধনী অনুদান প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট এই এলাকার প্রধানত সংখ্যালঘু-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর এই কমিউনিটিকে সেবা দেওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা পাওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য বাড়তি পদক্ষেপ গ্রহণ করছে।"

পূর্ব বাফেলো কর্মসূচির এলাকাটি নিম্নলিখিত স্ট্রিট/হাইওয়েগুলো দিয়ে ঘেরা: NYS রুট 33, NY রুট 198, মেইন স্ট্রিট, নর্থ স্ট্রিট, মিশিগান এভিনিউ এবং গুডেল স্ট্রিট। উপযুক্ত এলাকাগুলোর মানচিত্র এখানে দেখুন। উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর নথিভুক্ত গ্রস বার্ষিক বিক্রয়ের পরিমাণের উপর ভিত্তি করে অনুদানগুলো প্রদান করা হবে।

LISC-এর দুইটি অংশীদার সংস্থা, দ্য এক্সচেঞ্জ অ্যাট বেভারলি গ্রে (The Exchange at Beverly Gray), এবং দ্য ফাউন্ড্রি (The Foundry) ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদেরকে আবেদনের ক্ষেত্রে মাঠ পর্যায়ে সহায়তা প্রদান করছে। যদি ব্যবসা প্রতিষ্ঠানগুলোর ডকুমেন্ট স্ক্যান করা, কম্পিউটার অ্যাক্সেস করা, অথবা কাগজপত্র জমা দেওয়া, ইত্যাদি ক্ষেত্রে সহায়তা প্রয়োজন হয়, তাহলে তারা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে সহায়তা প্রদান করার অফিস চলাকালীন সময়ে দ্য এক্সচেঞ্জ বা দ্য ফাউন্ড্রিতে ভিজিট করতে পারেন:

1. ***দ্য এক্সচেঞ্জ অ্যাপয়েন্টমেন্ট বেভারলি গ্রে***
   334 E. Utica Street, Buffalo, NY 14208
   মঙ্গলবার ও বুধবার সকাল 10টা - দুপুর 1টা
   বৃহস্পতিবার দুপুর 1টা থেকে - বিকাল 4টা

2. ***দ্য ফাউন্ড্রি***
   298 Northampton Street, Buffalo, NY 14208
   সোমবার সন্ধ্যা 6টা - রাত 9টা
   শনিবার সকাল 9টা - দুপুর 1টা

প্রয়োজন হলে, ইন্টারন্যাশনাল ইন্সটিটিউটের মাধ্যমে আবেদনের জন্য অনুবাদ সেবাও প্রদান করা হবে।

মঙ্গলবার, 7 ফেব্রুয়ারি তারিখে সকাল 10:00টা থেকে দুপুর 12:00টা পর্যন্ত 77 গুডেল স্ট্রিটে অবস্থিত বাফেলো এমপ্লয়মেন্ট ট্রেনিং সেন্টারে (Buffalo Employment Training Center) জনসাধারণের কাছে তথ্য প্রকাশ করার একটি অধিবেশন আয়োজন করা হবে। এছাড়াও 9 ফেব্রুয়ারি তারিখে সন্ধ্যা 5:30টার সময় বেভারলি গ্রে একটি ওয়েবিনার আয়োজন করবে। ওয়েবিনার ও রেজিস্ট্রেশন সম্পর্কে আরো তথ্যের জন্য এখানে ক্লিক করুন।

14 মে, 2022 তারিখে পূর্ব বাফেলোর জেফারসন এভিনিউ বিজনেস ডিস্ট্রিক্টের একটি টপস ফ্রেন্ডলি মার্কেটে বর্ণবাদ থেকে অনুপ্রাণিত গণহারে গোলাগুলির ঘটনায় 10 জন ব্যক্তি নিহত হওয়ার প্রতিক্রিয়ায় গভর্নর হোকল তার জুনটিন্থ ঘোষণায় আবাসন ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য 50 মিলিয়ন ডলারের কমিউনিটি বিনিয়োগ এবং অন্যান্য ধরনের ত্রাণ প্রদান করার অঙ্গীকার ব্যক্ত করেছিলেন। পূর্ব বাফেলোর ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কার্যপরিচালনার জন্য মূলধনী অনুদান কর্মসূচি এই বিনিয়োগেরই অংশ।

এই ঘোষণা থেকে উঠে আসা অন্যান্য বিনিয়োগের মধ্যে রয়েছে কমিউনিটির পরিচালনাধীন একটি উল্লেখযোগ্য ফুড অ্যাক্সেস ইনিশিয়েটিভ যেখানে একটি নতুন আফ্রিকান হেরিটেজ ফুড কো-অপ (African Heritage Food Co-op) প্রকল্পকে সহায়তা প্রদান করা এবং খাদ্যের বাড়তি অপশনের জন্য টপসের আশেপাশের এলাকায় অধিবাসীদের জন্য বিনামূল্যের পরিবহন সেবা সম্প্রসারণ করা অন্তর্ভুক্ত রয়েছে; পূর্ব বাফেলোর বিজনেস ডিস্ট্রিক্টগুলোতে ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য ফ্যাসাড/মূলধনী সহায়তা প্রদান কর্মসূচি; কর্মসংস্থানের জন্য প্রশিক্ষণ প্রদানের প্রচেষ্টাগুলোর জন্য সহায়তা প্রদান, যেমন জেফারসন এভিনিউতে গুডউইলের নতুন গুডস্কিলস ক্যারিয়ার বিল্ডার অফিস; এবং সম্পত্তি দখল হয়ে যাওয়া প্রতিরোধ, বাড়ি মেরামতে সহায়তা, এবং প্রথম বারের মতো বাড়ি ক্রয়কারীদের জন্য কয়েক মিলিয়ন ডলারের সহায়তা।

এর সবগুলো গত বসন্তে স্থানীয় মানবহিতৈষী অংশীদারদের এবং বাফেলো সিটির সঙ্গে আঞ্চলিক পুনরুজ্জীবিতকরণ অংশীদারিত্বের অধীনে পূর্ব বাফেলোর জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতাগুলোর সঙ্গে যোগ হচ্ছে, যা পূর্ব বাফেলোতে ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে সহায়তা করা এবং ব্রডওয়ে মার্কেট পুনরুজ্জীবিতকরণ এবং বাফেলো সেন্ট্রাল টার্মিনাল, মিশিগান স্ট্রিট আফ্রিকান আমেরিকান হেরিটেজ করিডর, ও MLK পার্ক ইত্যাদির মতো আইকনিক ঐতিহাসিক সংস্থানগুলো পুনরুদ্ধার করার মতো গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোর জন্য 180 মিলিয়ন ডলারের সম্মিলিত বিনিয়োগ প্রদান করছে।

LISC-NY 1980 সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং এটি একটি জাতীয় পর্যায়ের অলাভজনক সংস্থার নিউ ইয়র্ক শাখা যেটি যথাযথ বিনিয়োগের অভাবে ভুগতে থাকা কমিউনিটিগুলোকে নিম্ন- ও মধ্যম-আয়ের আমেরিকানরা সমৃদ্ধি অর্জন করতে পারবে এমন স্থান হয়ে উঠার জন্য মূলধন, কর্মকৌশল, এবং প্রয়োজনীয় জ্ঞান প্রদান করছে।

**স্টেট সিনেটর টিম কেনেডি বলেন,** "জেফারসনে ঘটে যাওয়া গণহারে গোলাগুলির ঘটনার পরবর্তী সময়ে, আমরা কমিউনিটির শক্তি প্রত্যক্ষ করেছি, এবং একসঙ্গে এগিয়ে আসলে আমরা কী অর্জন করতে পারি তা দেখেছি। এখন, আমাদের সেই কমিউনিটিকে আরো একবার একসঙ্গে এগিয়ে আসা প্রয়োজন যাতে এসব ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলো জানতে পারে যে তাদের জন্য সাহায্যের ব্যবস্থা রয়েছে। 3 মিলিয়ন ডলারের এই অতি গুরুত্বপূর্ণ স্টেট সহায়তা সত্যিকার অর্থেই যাদের অর্থের প্রয়োজন রয়েছে সেসব ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানের মালিকদের কাছে পৌঁছে দেওয়ার একমাত্র উপায় হচ্ছে প্রথমত এটি যে লভ্য রয়েছে সে বিষয়টি তাদের জানতে পারা নিশ্চিত করা। আমার অফিস লোকজনকে আবেদন প্রক্রিয়া সম্পর্কে দিকনির্দেশনামূলক সাহায্য প্রদান করার জন্য প্রস্তুত রয়েছে যাতে তারা আমাদের কমিউনিটিতে টিকে থাকার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে পারেন।"

**অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা, ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "জেফারসন করিডরের চারপাশে ইস্টসাইডের ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য 3 মিলিয়ন ডলার সহায়তা প্রদান করার কথাকে কাজে পরিণত করায় আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই। এই এলাকার ব্যবসা প্রতিষ্ঠানগুলো কোভিড, একটি অত্যন্ত মর্মান্তিক গণহারে গোলাগুলির ঘটনা, এবং এক প্রজন্মে একবার আসার মতো একটি তুষারঝড়ের মধ্য দিয়ে গমন করেছে যেটির কারণে সম্পত্তির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। লোকজন, ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান ও আশেপাশের এলাকাগুলো নিয়েই কমিউনিটিগুলো গড়ে উঠে। আমাদের কমিউনিটিগুলোতে উল্লেখযোগ্য চাহিদা বিদ্যমান রয়েছে এবং একটি ইতিবাচক প্রভাব তৈরির জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মতো সংস্থাগুলোর তরফ থেকে অব্যাহতভাবে সামষ্টিক প্রচেষ্টা গ্রহণের প্রয়োজন হবে, আমরা আপনার অংশীদারিত্বকে সাধুবাদ জানাই।"

**এরি কাউন্টির এক্সিকিউটিভ মার্ক সি. পোলনকার্জ বলেন,** "ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলো আমাদের অর্থনৈতিক খাতের প্রাণশক্তি, এবং পূর্ব বাফেলোর ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কার্যপরিচালনার জন্য মূলধনী অনুদান কর্মসূচি বাফেলোর ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মালিকদেরকে গত বছরের গণহারে গোলাগুলির ঘটনার প্রভাব কাটিয়ে উঠতে সাহায্য করবে। আমাদের কমিউনিটিকে সহায়তা করার জন্য তার অব্যাহত মনোযোগের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

**বাফেলো সিটির মেয়র বাইরন ডব্লিউ. ব্রাউন বলেন,** "এই এলাকার ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলো 5/14 এর বর্ণবাদ থেকে অনুপ্রাণিত গণহারে গোলাগুলির ঘটনা দ্বারা সরাসরি প্রভাবিত হয়েছে। এসব অনুদান তহবিল এসব স্থাপনাকে সাহায্য করার ক্ষেত্রে সুদূরপ্রসারী অবদান রাখবে। পূর্ব বাফেলোর জন্য, এবং সামগ্রিকভাবে আমাদের কমিউনিটির জন্য তার অব্যাহত সমর্থনের জন্য আমরা গভর্নর ক্যাথি হোকলের প্রতি কৃতজ্ঞ।"

**LISC NYC সম্পর্কে**

LISC NYC হচ্ছে লোকাল ইনিশিয়েটিভ সাপোর্ট কর্পোরেশন (LISC)-এর নিউ ইয়র্ক সিটির ফ্ল্যাগশিপ অফিস। LISC NYC সেসব স্থানীয় অংশীদারদেরকে সহায়তা করে যাদের পরিষেবা ও কর্মসূচিগুলোর লক্ষ্য হচ্ছে আরো বেশি সমতাপূর্ণ, অন্তর্ভুক্তিমূলক, এবং টেকসই একটি নিউ ইয়র্ক সিটি গড়ে তোলা। 1980 সাল থেকে, LISC NYC 3.1 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করেছে এবং নিম্ন-আয়ের কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য বাড়তি 7.6 বিলিয়ন ডলার কাজে লাগিয়েছে। LISC NYC-এর বিনিয়োগ কৌশল এই বিশ্বাসের ভিত্তিতে এগিয়ে যাচ্ছে যে নিউ ইয়র্ক সিটির জন্য এমন একটি ভবিষ্যত নির্মাণের সময় এসেছে যা জাতিগত সম্পদের ব্যবধান চিরদিনের মতো ঘুচিয়ে দেবে, সাশ্রয়ী আবাসনকে সুরক্ষিত রাখবে, এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য অর্থপূর্ণ অর্থনৈতিক সুযোগ-সুবিধার পথগুলো নির্মাণ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন